10172

আজকের কাগজ

তারিখ 29 DEC 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

# চাকরিচ্যুত প্রধান শিক্ষকরা যশোর বোর্ড থেকে রেজিস্ট্রেশন ফরম তুলে লাপাত্তা

চাকরিচ্যুতির খবর যথাসময়ে বোর্ডকে অবহিত না করায় ঝালকাঠি জেলার বেশক'ঠি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের চাকরিচ্যুত প্রধান শিক্ষক যশোর বোর্ড থেকে ১৯৯৬ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার এসআইএফ ও নিবন্ধন ফরম তুলে নিয়ে গা ঢাকা দিয়েছে। ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে আসন্ন এসএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থিরা অনিশ্চয়তার মধ্যে পড়েছে। জানা গেছে, ১১ ও ১২ ডিসেম্বর বৃহত্তর বরিশাল অঞ্চলের পরীক্ষার্থিদের জন্যে যশোর বোর্ড থেকে সংশ্লিষ্ট এলাকার বিদ্যালয়সমূহের প্রধানদের কাছে প্রয়োজনীয় কাগজপত্র ও ফরম বিতরণ করা হয়। ঝালকাঠি সদর থানার পোনাবালিয়া কে এ খান মাধ্যমিক বিদ্যালয়ের চাকরিচ্যুত প্রধান শিক্ষক আঃ বারেক এ বিদ্যালয়ের ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষার সম্ভাব্য পরীক্ষার্থিদের ৫০টি এসআইএফ ও নিবন্ধন ফরম নিয়ে গা ঢাকা দেন। ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষায় নিয়ম বহির্ভূত ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষার্থী পাঠানোর অভিযোগে সম্প্রতি তাকেকসহ জেলার আরো ন'জন প্রধান শিক্ষককে চাকরিচ্যুত করা হয়। এ ব্যাপারে যশোর বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা ও স্কুল পরিদর্শক ফজলুর রহমান এ প্রতিবেদককে জানান, সংশ্লিষ্ট থানা নির্বাহী কর্মকর্তা চাকরিচ্যুতির তথ্য যথাসময়ে বোর্ড কর্তৃপক্ষকে না জানানোর কারণেই এ ঘটনা ঘটেছে। ঝালকাঠি থেকে শ্যামল সরকার।